

স্মারক নং-ইউবি/অতিঃরেজিঃ/স্টুঃএ্যাঃ/২০২৪-৩৮২

তারিখঃ ১৬ আগস্ট ২০২৪ খ্রি.

নোটিশ


বিষয়ঃ ইউরোপিয়ান ইউনিভার্সিটি অব বাংলাদেশ-এ সকল প্রকার ছাত্র রাজনীতি এবং রাজনীতি সংশ্লিষ্ট অন্যান্য কার্যক্রম সম্পূর্ণভাবে নিষিদ্ধ ঘোষণা।

এতদ্বারা ইউরোপিয়ান ইউনিভার্সিটি অব বাংলাদেশ-এর সকল ছাত্র-ছাত্রী এবং তাঁদের অভিভাবকদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ইউরোপিয়ান ইউনিভার্সিটি অব বাংলাদেশ শিক্ষা মন্ত্রণালয় ও বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন (ইউজিসি) কর্তৃক অনুমোদিত একটি বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান। এ বিশ্ববিদ্যালয় মূলত ছাত্র-ছাত্রীদের লেখা-পড়া ও তার গুণগতমান বৃদ্ধির প্রতি সর্বোচ্চ গুরুত্ব আরোপ করে থাকে।

০২. বিশ্ববিদ্যালয়ের প্রচলিত বিধিবিধান ও নিয়মনীতি অনুযায়ী অত্র প্রতিষ্ঠানে যে কোন প্রকার ছাত্র রাজনীতি সম্পূর্ণভাবে নিষিদ্ধ। এমতাবস্থায়, শিক্ষার্থীদের সকল প্রকার ছাত্র রাজনীতি ও রাজনীতি সংশ্লিষ্ট কার্যক্রমে প্রত্যক্ষ ও পরোক্ষভাবে অংশগ্রহণ অথবা উক্ত কার্যক্রমে অন্যকে প্ররোচিত করা থেকে সম্পূর্ণভাবে বিরত থাকতে নির্দেশ দেয়া হলো।

০৩. বিশ্ববিদ্যালয়ের কর্তৃপক্ষ আশা করে যে ছাত্র-ছাত্রীসহ সংশ্লিষ্ট সকলের সহযোগিতায় ইউরোপিয়ান ইউনিভার্সিটি অব বাংলাদেশ একটি সুষ্ঠু ও সুন্দর শিক্ষার পরিবেশ নিশ্চিত করতে সক্ষম হবে।

০৪. এ ব্যাপারে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা একান্ত কাম্য।


১৬/০৮/২০২৪
মোঃ ইউনুসুর রহমান
রেজিস্ট্রার, ইউবি

- প্রাপকঃ i. সকল ছাত্র-ছাত্রী, ইউরোপিয়ান ইউনিভার্সিটি অব বাংলাদেশ
ii. শিক্ষার্থীদের অভিভাবকবৃন্দ (তাঁদের পোষ্যদেরকে রাজনৈতিক কার্যক্রম থেকে বিরত থাকার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)